

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ  
অর্থ মন্ত্রণালয়  
অধিশাখা-২ (কর)

নং-০৮.০০.০০০০.০৩৭.২৭.০৮০.১৩- ১৯২

তারিখ : ২০-১২-২০১৬ খ্রিস্টাব্দ/০৬-০৯-১৪২৩ বঙ্গাব্দ।

প্রজ্ঞাপন

যেহেতু, জনাব অনিমেষ রায়, কর কমিশনার (চ. দা.), কর অঞ্চল-রংপুর (বর্তমানে-সদস্য, ট্যাকসেস-আপীলাত ট্রাইব্যুনাল, দ্বৈত বেঞ্চ-খুলনা) এর বিরুদ্ধে কর অঞ্চল-রংপুর এর ৩য় ও ৪র্থ শ্রেণির কর্মচারী নিয়োগ পরীক্ষায় অনিয়মের অভিযোগ উত্থাপিত হওয়ায় তাঁর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) অনুযায়ী “অসদাচরণ (Misconduct)” এর অভিযোগ আনয়নপূর্বক বিভাগীয় মামলা রুজু করা হয় এবং একই বিধিমালা বিধি ৪(২) অনুযায়ী কোন শাস্তি প্রদান করা হবে না তার কারণ লিখিতভাবে দাখিল করার জন্য নির্দেশ প্রদান করা হয়।

যেহেতু, জনাব অনিমেষ রায় কারণ দর্শানোর লিখিত জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানী প্রার্থনা করেন। তার লিখিত জবাব সন্তোষজনক না হওয়ায় ও মামলা চলার মত পর্যাপ্ত ভিত্তি থাকায় এবং অভিযোগ প্রতিষ্ঠিত হলে তজ্জন্য গুরুদন্ড আরোপযোগ্য হবে বিধায় সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৭(২) অনুযায়ী বিভাগীয় মামলাটি তদন্তের জন্য ০৩ (তিন) জন কর্মকর্তার সমন্বয়ে একটি তদন্ত বোর্ড গঠন করা হয়। তদন্ত বোর্ড দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে অভিযুক্ত কর্মকর্তা জনাব অনিমেষ রায় এর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) ধারায় আনীত “অসদাচরণ (Misconduct)” এর অভিযোগ প্রমাণিত হয়।

যেহেতু, তদন্ত বোর্ড কর্তৃক দাখিলকৃত প্রতিবেদন অনুযায়ী সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ধারায় আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪ অনুযায়ী দন্ড নির্ধারণপূর্বক জনাব অনিমেষ রায় এর বিপরীতে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪ (৩) (এ) মোতাবেক কেন নিম্ন পদে নামাইয়া দেয়া হবে না সে মর্মে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ জারি করা হয়।


যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার দ্বিতীয় কারণ দর্শানো নোটিশের জবাব তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ খন্ডনের জন্য যৌক্তিক না হওয়ায় জনাব অনিমেষ রায়-কে নিম্ন পদে পদাবনত দন্ড প্রদানের বিষয়ে এ বিভাগ কর্তৃক সিদ্ধান্ত গ্রহণ করা হয় এবং এ বিভাগের সিদ্ধান্তের বিষয়ে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয় এর মতামত চাওয়া হয়।

যেহেতু, তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ বিবেচনায় তাঁকে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(৩)(এ) অনুসারে নিম্নপদে পদাবনত দন্ড প্রদানের বিষয়ে এ বিভাগের সাথে কমিশন একমত পোষণ করেছে।

যেহেতু, উক্ত কর্মকর্তাকে নিম্নপদে পদাবনত দন্ড প্রদান করার প্রস্তাব মহামান্য রাষ্ট্রপতি গত ১৫-১২-২০১৬ খ্রিঃ তারিখে সদয় অনুমোদন করেছেন।


এক্ষণে, সেহেতু, জনাব অনিমেষ রায়, কর কমিশনার (চ. দা.), কর অঞ্চল-রংপুর (বর্তমানে-সদস্য, ট্যাকসেস আপীলাত ট্রাইব্যুনাল, দ্বৈত বেঞ্চ-খুলনা)-কে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(৩)(এ) মোতাবেক নিম্নপদে পদাবনত করা হলো।

জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে  
  
(মোঃ নজিবুর রহমান)  
সিনিয়র সচিব

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
- ৪। চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুন বাগিচা, ঢাকা।
- ৫। প্রেসিডেন্ট, ট্যাকসেস আপীলাত ট্রাইব্যুনাল, ঢাকা।
- ৬। সদস্য (কর প্রশাসন ও মানব সম্পদ ব্যবস্থাপনা), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ৭। জনাব অনিমেষ রায়, সদস্য, ট্যাকসেস আপীলাত ট্রাইব্যুনাল, দ্বৈত বেঞ্চ-খুলনা।
- ৮। উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধ সহ)।
- ৯। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।
- ১০। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, সেগুন বাগিচা, ঢাকা।
- ১১। সহকারী সচিব (প্রশাসন), অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা (আদেশটি এ বিভাগের ওয়েবসাইটে আপলোডের অনুরোধ সহ)।
- ১২। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, খুলনা।
- ১৩। অফিস কপি।

  
২০/১২/২০১৬  
(মো: জিব্বার রহমান)  
উপসচিব  
ফোন : ৯৫৫৫৬৫৭।

